# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র** বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]*

**১.▶** প্রতিবছর ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়। বাংলাদেশ মহিলা সমিতি এই দিবসটি উপলক্ষে একটি সেমিনারের আয়োজন করে। আলোচনার এক পর্যায়ে জনৈক নারী নেত্রী বলেন, 'অজ্ঞতার যুগের ন্যায় এখনো কন্যা সন্তানের অবহেলা ও অবজ্ঞা করা হয়। তাদের লেখাপড়ার পরিবর্তে বাল্য বিবাহ দেয়া হয়। যৌতুকের জন্য শারীরিকভাবে নির্যাতন করা হয়।'

ক. কাবাঘরে রক্ষিত প্রধান মূর্তিটির নাম কী? ১
খ. হানিফ কারা? ২
গ. উদ্দীপকে কোন অজ্ঞতার যুগের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নারীদের অধিকার রক্ষায় ইসলামের শিক্ষা বিশ্লেষণ করো। ৪

**২.▶** বাংলাদেশে দীর্ঘদিন ধরে পাকিস্তানি মুদ্রা প্রচলিত ছিল। কিন্তু ১৯৭১ সালে দেশ স্বাধীন হওয়ার পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টাকশাল স্থাপন করে বাংলাদেশী জাতীয় মুদ্রা প্রচলন করেন। ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে এবং দেশ এগিয়ে যায়।

ক. আব্দুল্লাহ ইবনে যোবায়ের কোন যুদ্ধে নিহত হয়? ১
খ. ময়ূর বাহিনী বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন উমাইয়া শাসকের মিল রয়েছে? লিখ। ৩
ঘ. উক্ত শাসক আর কোন কোন ক্ষেত্রে জাতীয়তাবাদ গড়ে তোলেন? ব্যাখ্যা করো। ৪

**৩.▶** দিল্লীর সুলতান ইব্রাহিম লোদী তার আমলা আলম খান লোদীর পুত্র দেলোয়ার খান লোদীকে অপমান করলে আলম খান পুত্রের অপমানের প্রতিশোধ গ্রহণের জন্য কাবুলের বাদশাহ বাবুরকে দিল্লী আক্রমণের আমন্ত্রণ জানান।

ক. আরবরা কত সালে সিন্ধু জয় করেন? ১
খ. কাকে এবং কেন আরব আলেকজান্ডার বলা হয়? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে স্পেনের উমাইয়া যুগের কোন ঘটনার মিল পাওয়া যায়? লিখ। ৩
ঘ. ইহার ফলাফল লিখ। ৪

**৪.▶** ইসলামের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, দশম শতাব্দীতে একদল আলি পন্থী ইসমাঈলী শিয়া মতাবলম্বী মহানবি (স) জনৈক কন্যার নাম ভাঙিয়ে উত্তর আফ্রিকায় একটি নতুন রাজবংশ প্রতিষ্ঠা করেন।

ক. দারুল হিকমা কে প্রতিষ্ঠা করেন? ১

https://teachingbd24.com

খ. কাকে এবং কেন পাশ্চাত্যের মামুন বলা হয়? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল পাওয়া যায়? লেখ। ৩
ঘ. উক্ত বংশের সাংস্কৃতিক অবদান লিখ। ৪

৫.▶ রাসিন তার বাবার মুখে ইতিহাসের একটি চাঞ্চল্যকর ঘটনা শুনছিল। বলা হচ্ছে একটি রাজবংশের পতনের পর গণহত্যা থেকে রক্ষা পেয়ে জনৈক যুবরাজ সুদীর্ঘ পাঁচ বছর যাযাবর জীবন যাপন করার পর ইউরোপ মহাদেশে একটি স্বাধীন আমিরাত প্রতিষ্ঠা করতে সক্ষম হন।

ক. কুরাইশদের বাজপাখি কাকে বলা হয়? ১
খ. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইউরোপে ইসলামি সংস্কৃতির বিকাশ উক্ত আমিরাতের অবদান লিখ। ৪

৬.▶ মুর সম্প্রদায়ের দলনেতা আকস্মিকভাবে মৃত্যুবরণ করলেন। তিনি তার কোনো উত্তরাধিকারী মনোনীত করেন নি। দলনেতা নির্বাচন নিয়ে গোত্রের লোকদের মধ্যে সংঘাত দেখা দিল। দলের বয়োজ্যেষ্ঠ সাদাব জ্ঞানী মানুষ হিসেবে সকলের শ্রদ্ধেয়। মৃত দলনেতার বিশেষ আস্থাভাজন ছিলেন তিনি। আকিব বললেন, আমাদের নেতা হবেন সাদাব। সকলে তার কথা মেনে নিল। আসন্ন সংঘাত থেকে ম্যুর সম্প্রদায় রক্ষা পেল।

ক. কাদেসিয়ার যুদ্ধ কত দিনব্যাপী হয়েছিল? ১
খ. বায়তুল মাল কী? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে মিল রয়েছে তোমার পঠিত কোন ঘটনার? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত ঘটনা আসন্ন সংঘাত থেকে মুসলিম উম্মাহকে রক্ষা করেছিল। বিশ্লেষণ করো। ৪

৭.▶ আহাদ ও আসাদ ইসলামের ইতিহাসের প্রথম যুদ্ধ নিয়ে কথা বলছিল। আহাদ আসাদকে জানায় এ যুদ্ধ ছিল যুগান্তকারী যুদ্ধ। এ যুদ্ধে জয়লাভের ফলে ইসলাম আবার উপদ্বীপে টিকে যায়।

ক. মহানবি (স) কত সালে নবুয়ত লাভ করেন? ১
খ. হিলফুল ফুজুল বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন যুদ্ধের প্রতি ইঙ্গিত করা হয়েছে? লিখ। ৩
ঘ. এ যুদ্ধের গুরুত্ব লিখ। ৪

৮.▶ মাওলানা আহম্মদ উল্লাহ সাহেব অনেক কষ্ট করে তার জনপদের লোকজনকে সুন্দর ও সঠিক পথে আনয়ন করেন। কিন্তু তার মৃত্যুর পর তারা পুনরায় অসৎ পথে ফিরে যায়। এমতাবস্থায়, তার পরবর্তী শিষ্য তাদের দমন

https://teachingbd24.com

করেন এবং সমাজে শান্তি প্রতিষ্ঠা করেন।

ক. ভণ্ডনবিদের নেতা কে ছিলেন? ১

খ. কাকে এবং কেন 'সিদ্দিক' বলা হতো? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল পাওয়া যায়? লিখ। ৩

ঘ. শিষ্য কীভাবে সমাজে শান্তি প্রতিষ্ঠা করেছিলেন? বিশ্লেষণ করো। ৪

৯.▶ গত নির্বাচনে জনাব এনায়েতুল্লাহ মজুমদার পেরিয়া ইউনিয়নের চেয়ারম্যান নির্বাচিত হন। তিনি শাসনকার্যে জনগণের মতামতকে প্রাধান্য দিতেন। তিনি তার পরিষদের সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে একটি পরামর্শ সভা গঠন করেন। এর ফলে শাসনকার্যে জনগণের মতামতের প্রতিফলন ঘটতে থাকে।

ক. হযরত ওমর (রা) কত সালে জন্মগ্রহণ করেন? ১

খ. বায়তুল মাল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল পাওয়া যায়? লিখ। ৩

ঘ. ঐ আমলের গণতন্ত্রের স্বরূপ বিশ্লেষণ করো। ৪

১০.▶ ১৯৭২ সালে ড. কামাল হোসেনের সভাপতিত্বে স্বাধীন বাংলাদেশের সংবিধান প্রণীত হয়। পরবর্তীতে ইহাতে ১৫ বার সংশোধনী আনা হলেও ইহা মানুষের সব সমস্যা সমাধান করতে পারেনি। কিন্তু দেড় হাজার বছর পূর্বে আরব দেশে যে সংবিধান প্রণীত হয় তা রক্তের পরিবর্তে ধর্মের ভিত্তিতে একটি সাধারণ উম্মাহ গঠন করতে ও শান্তি প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিল।

ক. কত সালে মেরাজ সংঘটিত হয়েছিল:? ১

খ. আকাবার শপথ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংবিধানের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সংবিধানের মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজে শান্তি প্রতিষ্ঠায় আরবদের সংবিধানের ভূমিকা লিখ। ৪

১১.▶ রোমান সম্রাট অগাস্টাস তার প্রজাদের শিক্ষিত করে তোলার জন্য রাজ্যের সর্বত্র স্কুল, কলেজ প্রতিষ্ঠা করেন। এ ছাড়া তিনি অসংখ্য পান্ডুলিপি ল্যাটিন ভাষায় অনুবাদ করেন। ফলে রোমান সাম্রাজ্যে প্রগতির সূচনা হয়।

ক. কত সালে বায়তুল হিকমা প্রতিষ্ঠিত হয়? ১

খ. রাওয়ান্দিয়া কারা? ২

গ. উক্ত রোমান সম্রাটের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আব্বাসি শাসকের মিল পাওয়া যায়? লিখ। ৩

ঘ. ইহা কীভাবে আরবদের প্রগতির সূচনা করেছিল? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র বিষয় কোড | ২ | ৬ | ৭ |

সময় — ৩০ মিনিট বহুনির্বাচনি অভীক্ষা পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:**

একাদশ শ্রেনির বাংলা ক্লাস। শিক্ষক এসে দেখলেন ছাত্ররা আঞ্চলিক ভাষায় কথা বলছে। তিনি ছাত্রদেরকে ক্লাসে এবং কলেজে কথা বলার সময় শুদ্ধ ভাষা ব্যবহারের নির্দেশ দেন এবং কঠোরভাবে তা মেনে চলতে আদেশ দেন।

১. উদ্দীপকে শিক্ষকের নির্দেশ কোন উমাইয়া শাসককে নির্দেশ করে?

ক আব্দুল মালিক খ আল ওয়ালিদ
গ সোলায়মান ঘ হিশাম

২. উক্ত কর্মকাণ্ড দ্বারা সম্ভব—

i. ভাষার বিশুদ্ধতা রক্ষা করা
ii. আঞ্চলিকতা দূরীকরণ
iii. ভাষার মর্যাদা বৃদ্ধি করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. আবদুল মালিকের কুব্বাতুস সাখরা নির্মাণের উদ্দেশ্য ছিল—

i. যুবাইরের সাথে প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হওয়া
ii. হজ যাত্রীদেরকে মক্কা হতে জেরুজালেমের দিকে আকৃষ্ট করা
iii. হজ যাত্রীদেরকে মক্কা হতে সিরিয়ার দিকে আকৃষ্ট করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. মাওয়ালি কারা?

ক অভিজাত মুসলমান
খ অমুসলিম প্রজা
গ নবদিক্ষিত অনারব মুসলমান
ঘ ক্রীতদাস

৫. উমাইয়া যুগে কোন সেনাপতি স্পেন জয় করেন?

ক হাজ্জাজ বিন ইউসুফ
খ কোতায়বা বিন মুসলিম
গ মুহম্মদ বিন কাশিম
ঘ তারিক বিন জিয়াদ

৬. জাবের যুদ্ধের পরাজিত হন কে?

ক ইব্রাহিম বিন-আসতার
খ আবদুল্লাহ বিন ওমর
গ দ্বিতীয় মারওয়ান
ঘ আমর বিন সাঈদ

৭. দিওয়ানুল রাসায়েলের কাজ ছিল—

i. রাষ্ট্রের প্রত্যেক ঘোষণাপত্র প্রচার করা
ii. প্রাদেশিক বিষয়সমূহ নিয়ন্ত্রণ করা
iii. শাসনকর্তাদের সাথে যোগাযোগ রক্ষা করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. উমাইয়াদের পতনের কারণ কী?

ক আব্বাসি আন্দোলন
খ খলিফাদের ধর্মান্ধতা
গ হেরেমের হস্তক্ষেপ
ঘ বাইজাইন্টাইনদের আক্রমণ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**

প্রতিষ্ঠিত সংগঠক মাহমুদ অক্লান্ত পরিশ্রম করে একটি নতুন কোম্পানি দাড় করান। এতে মালিক পক্ষ অত্যন্ত লাভবান হয়। কিন্তু মাহমুদের প্রভাব প্রতিপত্তিতে সন্দিহান হয়ে মালিক তাকে বরখাস্ত করে।

৯. উদ্দীপকের মাহমুদের সাথে আব্বাসি আন্দোলনের কোন নেতার মিল রয়েছে?

ক মুহম্মদ খ আবুল আব্বাস
গ আবদুল্লাহ ঘ আবু মুসলিম

১০. মালিক পক্ষের উক্ত আচরণের কারণ আব্বাসি খিলাফতের দৃষ্টিতে—

ক রাজনৈতিক প্রতিহিংসা
খ শাসন সুসংহতকরণ
গ দূরদর্শিতার অভাব
ঘ স্বেচ্ছাচারিতা প্রকাশ

১১. ইমাম আবু হানিফাকে বন্দি করেছিলেন কে?

ক আবুল আব্বাস খ আল মনসুর
গ আল মাহদী ঘ আল হাদি

১২. নাইসেফোরাস কর্তৃক হারুণের সাথে ঔদ্ধত্য প্রকাশের কারণ কী?

ক রোমান রাজ্যের ক্ষমতা লাভ
খ গ্রিকদের উস্কানি
গ মুসলিম বিদ্বেষ
ঘ মুসলমানদের আঁতাত

১৩. 'আহল আল কলম' অর্থ কী?

ক কবিদের জনক খ জ্ঞানীদের জনক
গ দার্শনিকদের জনক ঘ লেখক গোষ্ঠীর জনক

১৪. জালালী সন কার সময় প্রবর্তিত হয়?

ক তুঘরিল বেগের খ মালিক শাহের
গ আলপ আরসালানের ঘ মুতাসিমের

১৫. আইয়ুবী বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?

ক গাজী সালাহউদ্দীন খ নূরউদ্দীন জঙ্গী
গ মুইজ উদ্দিন ঘ হাকিম

Teachingbd24.com
https://teachingbd24.com

১৬. আব্বাসি যুগকে মুসলিম খিলাফতের স্বর্ণযুগ বলা হয় কেন?
ক রাজ্য বিস্তারের জন্য
খ অর্থনৈতিক উন্নয়নের জন্য
গ জ্ঞান বিজ্ঞানের উন্নয়নের জন্য
ঘ প্রশাসনিক বিলাসিতার জন্য

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
গ্রাম্য পলিটিক্স এর স্বীকার আদনান গ্রাম থেকে বিতাড়িত। শহরে এসে কঠোর পরিশ্রম করে একটি শিল্প এলাকা গড়ে তোলেন। উপাধি নিলেন শিল্প সম্রাট।

১৭. উদ্দীপকে বর্ণিত আদনানের সাথে স্পেনের কোন শাসকের মিল রয়েছে?
ক প্রথম আব্দুর রহমান খ হাকাম
গ হিমাশ ঘ মুনসি

১৮. উপাধি গ্রহণের ব্যাপারে উক্ত শাসকের সাথে উদ্দীপকের শাসকের পার্থক্য হলো—
ক আমিরুল মুমেনিন উপাধি গ্রহণ
খ রাজা উপাধি গ্রহণ
গ সুলতান উপাধি গ্রহণ
ঘ সম্রাট উপাধি গ্রহণ

১৯. ধর্মান্ধ আন্দোলন বলতে কী বোঝ?
ক সামাজিক সংস্কার আন্দোলন
খ আরবিকরণের বিরুদ্ধে আন্দোলন
গ ইসলাম ধর্ম গ্রহণকারীগণ
ঘ মুসলিম ধর্মবেত্তাদের অনুসারীরা

২০. স্পেনে মোজায়ব নামে পরিচিত ছিল কারা?
ক মুসলিম শাসন অমান্যকারীরা
খ ইসলামি রীতিনীতি অনুসরণকারীরা
গ ইসলাম ধর্ম গ্রহণকারীরা
ঘ মুসলিম ধর্মবেত্তাদের অনুসারীরা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
নিরো ছিলেন খেয়ালী শাসক। কিন্তু জ্ঞান বিজ্ঞান ও শিল্প সাহিত্যে ছিল প্রচুর অবদান। বেশ কিছু ব্যতিক্রমধর্মী কর্মকাণ্ড প্রণয়ন করেছিলেন।

২১. উদ্দীপকের নিরোর সাথে কোন ফাতেমি খলিফার মিল রয়েছে?
ক আল হাকিমের খ আল হামিমের
গ আল মাহদির ঘ আল হাদির

২২. উদ্দীপকের আলোকে উক্ত খলিফার অবদান—
i. দারুল হিকমা প্রতিষ্ঠা
ii. বায়তুল হিকমা প্রতিষ্ঠা
iii. মুকাত্তাম পাহাড়ে মান মন্দির প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. পর্বতের বৃদ্ধ লোক কাকে বলা হয়?
ক মালিক শাহ খ নিযামুল মুলক
গ হাসান বিন সাবাহ ঘ মাহমুদ

২৪. ফাতেমি খিলাফতের চূড়ান্ত পতন ঘটে কেন?
ক ইসমাইলীয়দের দ্বিধা বিভক্তির কারণে
খ যোগ্য নেতৃত্বের অভাবে
গ তুর্কি সেনাদের ঔদ্ধত্যের কারণে
ঘ গাজী সালাউদ্দিনের আক্রমণের কারণে

২৫. কিউনিফর্ম কী?
ক সুমেরীয় লিখন পদ্ধতি
খ মিসরীয় লিখন পদ্ধতি
গ অ্যাসেরীয় লিখন পদ্ধতি
ঘ চৈনিক লিখন পদ্ধতি

২৬. আইয়াম শব্দের অর্থ কী?
ক সময় খ তমসা
গ বর্বরতা ঘ অজ্ঞতা

২৭. গ্রিকদের সবচেয়ে গুরুত্বপূর্ণ রাজনৈতিক অবদান সম্পর্কে কোন উক্তিটি সঠিক?
i. নগর রাষ্ট্র সম্পর্কে ধারণা দান
ii. এথেন্স নামক রাষ্ট্রের সৃষ্টি
iii. গণতন্ত্রের ধারণা দান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা সমগ্র বিশ্বের শান্তিপ্রিয় মানুষকে শঙ্কিত করে তোলে। এর প্রেক্ষিতে তৎকালীন বিশ্বের নেতৃস্থানীয় ব্যক্তিদের তৎপরতায় গড়ে উঠে জাতিসংঘ নামে একটি প্রতিষ্ঠান।

২৮. উদ্দীপকের জাতিসংঘের সাথে হযরত মুহাম্মদ (স.) এর কোন সংগঠনের মিল রয়েছে?
ক বায়তুল মাল খ বাইয়াতে আকাবা
গ হিলফুল ফুজুল ঘ মজলিস উস-শুরা

২৯. উক্ত সংগঠন প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল—
i. রক্তক্ষয়ী যুদ্ধ বন্ধ করা
ii. শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠা করা
iii. অভিজাতদের সুবিধা প্রদান করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. ল্যাটিন বর্ণমালা চালু হয় কীভাবে?
ক চৈনিক বর্ণমালার ভিত্তিতে
খ মিসরীয় বর্ণমালার ভিত্তিতে
গ সুমেরীয় বর্ণমালার ভিত্তিতে
ঘ গ্রিক বর্ণমালার ভিত্তিতে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com